

দ্বিতীয় পর্বের ভারত-মার্কিন সামুদ্রিক নিরাপত্তা সংলাপ

দ্বিতীয় পর্বের ভারত-মার্কিন সামুদ্রিক নিরাপত্তা সংলাপ অনুষ্ঠিত হল ৯-১০ মে, ২০১৭, নিউপোর্ট, রোড দ্বীপে। ভারতীয় প্রতিনিধি দলের যৌথ নেতৃত্ব দেন ড. পঙ্কজ শর্মা, যুগ্ম সচিব (ডি অ্যান্ড আইএসএ) এবং শ্রী মুনু মহাওয়ার, যুগ্ম সচিব (এএমএস) পররাষ্ট্র মন্ত্রক, এবং শ্রীমতি দেবিকা রঘুবংশী, যুগ্ম সচিব (নেতৃ), প্রতিরক্ষা মন্ত্রক, জনাব ডেভিড হেলভি, এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় নিরপত্তা বিষয়ক সহকারী সচিব এবং জনাব সিনা স্টেইন, দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক কার্যনির্বাহী উপ সহকারী সচিব মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিনিধি দলের নেতৃত্ব দেন।

আলোচনার সময় উভয়পক্ষ এশিয়-প্রশান্ত মহাসাগরীয় এবং ভারত মহাসাগরীয় অঞ্চলে সামুদ্রিক উন্নয়ন প্রসঙ্গে মতবিনিময় করেন এবং দ্বিপাক্ষিক সামুদ্রিক নিরাপত্তা সহযোগিতার বিষয়টি আরও শক্তিশালী করার বিষয়ে আলোচনা করেন। মে ২০১৬ তে প্রথম সামুদ্রিক নিরাপত্তা বৈঠকে গৃহীত সিদ্ধান্তগুলির বাস্তবায়নের বিষয়টি নিয়েও তাঁরা পর্যালোচনা করেন।

পারস্পরিক সুবিধাজনক তারিখে ভারতে পরবর্তী সংলাপপর্ব অনুষ্ঠিত হবে।

নয়াদিল্লি

মে ১১, ২০১৭